

# GREATER MANCHESTER GOOD EMPLOYMENT CHARTER

## কর্মচারীর নির্দেশিকা: একটি সনদের সদস্যের (Member of the Charter) জন্য কাজ করা

## গ্রেটার ম্যানচেস্টার ভাল কর্মসংস্থান বিষয়ক সনদ (Greater Manchester Good Employment Charter)

আপনি একটি গ্রেটার ম্যানচেস্টার ভাল কর্মসংস্থান বিষয়ক সনদের সদস্যের জন্য কাজ করছেন। সনদ (Charter) হল একটি স্বেচ্ছামূলক সদস্যতা এবং মূল্যায়ন যোজনা, যেটি গ্রেটার ম্যানচেস্টার জুড়ে যে কোনো মাপ বা বিভাগের সকল সংস্থার জন্য কর্মসংস্থানের মানদন্ডগুলির উন্নতি করার লক্ষ্য নেয়।

সনদটি ভাল কর্মসংস্থানের সাতটি প্রধান বৈশিষ্ট্য ধার্য করে; আপনার নিয়োগকারী এইসকল বৈশিষ্ট্যগুলির সর্বোচ্চ মানদন্ডগুলিকে তুলে ধরার একটি প্রতিশ্রুতি দিয়েছেন এবং সর্বাঙ্গীণ মানদন্ড যে পূরিত হয়েছে তা সুনিশ্চিত করার জন্য পদক্ষেপ নেওয়া হয়েছে তা প্রদর্শন করেছেন। একটি সনদের সদস্যের একজন কর্মচারী হিসাবে আপনি কী আশা করতে পারেন তা নিচে বর্ণনা করা হয়েছে।

**কাজ সুরক্ষিত করা** – আপনার নিয়োগকারী কাজের সুরক্ষা প্রদান করেন, যা বার্তাবিনিময় ও চুক্তিগুলির ক্ষেত্রে স্বচ্ছতা, ন্যূনতম ঘন্টার নিশ্চয়তা, এবং এইসকল শর্তগুলির নিয়মিত পর্যালোচনার মাধ্যমে কর্মচারীদেরকে তাদের আয়ের উপরে সুরক্ষা প্রদান করে। এইভাবে কর্মীদেরকে তাদের কাজ এবং কাজ-বহির্ভূত প্রতিশ্রুতিগুলিকে কার্যকরীভাবে পরিচালনা করার সক্ষমতা দেওয়া হয়।

**কাজের নমনীয়তা** – আপনার নিয়োগকারী এমন একটি উপায়ে কাজের পরিকল্পনা করার মাধ্যমে নমনীয়তার সাথে কাজ করতে সমর্থ করেন, যা যেক্ষেত্রে সম্ভব, যেখানে লোকেরা কাজ করেন, যখন লোকেরা কাজ করেন, এবং লোকেরা যতটা কাজ করেন সেটিকে নমনীয় করে তোলে; চাকরির শুরু থেকে কাজের নমনীয়তার সম্ভাবনার উপরে সুস্পষ্টতা সহ। কর্মচারীদের একটি সুস্পষ্ট কাজের নমনীয়তা নীতি পাওয়ার অধিকার আছে যা নমনীয়তায় উৎসাহ দেয়, কর্মীদেরকে নমনীয় বন্দোবস্ত করার অনুরোধ জানানোর সুযোগ দেয়, এবং এই ধরনের বন্দোবস্তের নিয়মিত পর্যালোচনা প্রদান করে।

**বাস্তব জীবনযাপনের পারিশ্রমিক** – আপনার নিয়োগকারী কর্মীদের লিভিং ওয়েজ ফাউন্ডেশন (Living Wage Foundation) দ্বারা নির্ধারিত বাস্তব জীবনযাপনের পারিশ্রমিকের অর্থপ্রদান করে।

**অংশগ্রহণ এবং মত** – আপনার নিয়োগকারী কর্মীদের অংশগ্রহণ ও মত কাজে লাগান, যা একটি আত্মবিশ্বাসী ও ক্ষমতা প্রদান করা কর্মীবল গড়ে তোলে। কার্যকরী বার্তাবিনিময় এবং পরামর্শদানের মাধ্যমে কর্মচারীরা সিদ্ধান্তগ্রহণ এবং পরিবর্তন পরিচালনায় যুক্ত থাকেন, এবং যেক্ষেত্রে প্রযোজ্য, শ্রমিক সংঘ স্বীকৃত হয় এবং ইতিবাচকভাবে যুক্ত থাকে।

**কর্মনিয়োগ** – আপনার নিয়োগকারীর উৎকৃষ্ট কর্মনিয়োগের কার্যাভ্যাস আছে, যা সম্ভাব্য কর্মচারীদের এমন একটি অন্তর্ভুক্তিকর, ন্যায্য কর্মনিয়োগ প্রক্রিয়ায় যুক্ত করে যেটি প্রাপ্তিসাধ্য, সাম্য ও নিরপেক্ষতা উভয়কেই সক্ষম করে, অসচেতন পক্ষপাত অপসারণ করে, এবং একটি বৈচিত্র্যপূর্ণ কর্মীবল গড়ে তোলায় সহায়তা করে।

**লোক পরিচালনা** – আপনার নিয়োগকারী উৎকৃষ্ট লোক পরিচালনা এবং তাদের কর্মীবলের উন্নতি সুনিশ্চিত করে, যা নির্যাতন ও হয়রানি শূন্য একটি কর্মস্থলের অধিকারের পাশাপাশি কর্মচারীদেরকে এক সারি সুস্পষ্ট সংস্থাগত মূল্যবোধ এবং প্রত্যাশিত আচরণ প্রদান করে। সংস্থাগত উন্নয়নের উপরে জোর দিয়ে, সকল কর্মীকে প্রশিক্ষণ প্রদান করা হয় যা তাদেরকে নিজেদের ভূমিকায় কার্যকরীভাবে কাজসম্পাদন করতে এবং অগ্রগতিকে সমর্থন করে এমন দক্ষতা ও অভিজ্ঞতা গড়ে তুলতে সমর্থ করে।

**স্বাস্থ্য ও সুস্থতা** – আপনার নিয়োগকারী কর্মচারীর স্বাস্থ্য ও সুস্থতাকে সক্রিয়ভাবে সমর্থন করে। কর্মচারীদের এমন একটি কর্মস্থলে সাফল্যলাভ করার সামর্থ্য আছে যেখানে মানিয়ে নেওয়া হয়, এবং ব্যক্তিগত চাহিদাগুলিকে স্বীকৃতি দেওয়া হয়; যা স্বীকার করে যে সংস্থার ব্যাপক মূল্যবোধ ও উদ্দেশ্যগুলির প্রসঙ্গে মানসিক স্বাস্থ্য এবং সাধারণ স্বাস্থ্য ও সুস্থতা বিবেচনা করার প্রয়োজন আছে। চলতে থাকা আলোচনা, প্রশিক্ষণ ও পর্যবেক্ষণকে সহজতর করে তোলার জন্য কার্যকৌশল বহাল আছে এবং অভ্যন্তরীণ ও/বা বহিঃস্থ সহায়তা উপলব্ধ আছে।

একটি সনদের সদস্য হওয়ার জন্য, আপনার নিয়োগকারী বহাল থাকা সর্বাঙ্গীণ মানদন্ডগুলি পূরণ করেছে, যা ভাল কর্মসংস্থানের উপরের সবকটি বৈশিষ্ট্যের প্রতি তার প্রতিশ্রুতি প্রদর্শন করে, যা নিরপেক্ষতা, বৈচিত্র্য ও অন্তর্ভুক্তির মাধ্যমে নিহিত আছে। সদস্যতার জন্য সুনির্দিষ্ট মানদন্ড সংক্রান্ত আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে গ্রেটার ম্যানচেস্টার ভাল কর্মসংস্থান বিষয়ক সনদ (Greater Manchester Good Employment Charter) ওয়েবসাইটদেখুন।

আপনি যদি মনে করেন যে আপনার নিয়োগকারী ভাল কর্মসংস্থানের মানদন্ড পরিচালনা করার তার প্রতিশ্রুতি মানছেন না, তাহলে সর্বপ্রথমে আপনার ম্যানেজার/নিয়োগকারীর সাথে আপনার কথা বলার পরামর্শ আমরা আপনাকে দিই। আপনার যদি তাসত্ত্বেও উদ্বেগ থাকে, তাহলে অনুগ্রহ করে ভাল কর্মসংস্থান বিষয়ক সনদ শাখার (Good Employment Charter Unit) দলটির সাথে এখানে যোগাযোগ করুন।

সমর্থন করেছে
European Commission
GMCA GREATER MANCHESTER COMBINED AUTHORITY
ANDY BURNHAM MAYOR OF GREATER MANCHESTER